গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেলিযোগাযোগ অধিদপ্তর
মহাপরিচালকের কার্যালয়
প্রশাসন-১ শাখা
৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.telecomdept.gov.bd

ডিপার্টমেন্ট অফ টেলিকমিউনিকেশন্স

**টেলিযোগাযোগ অধিদপ্তরের মাসিক সমন্বয় সভা (মে,২০২৪)-এর কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ সাহাব উদ্দিন<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | **৩০-০৫-২০২৪ খ্রিঃ** |
| সভার সময় | **১১:০০ ঘটিকা** |
| স্থান | টেলিযোগাযোগ অধিদপ্তর কক্ষ নং ৪০৩ |
| উপস্থিতি | মে২০২৪ মাসের সমন্বয় সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা (সংযুক্ত) |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা এবং নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়-

**১) এপ্রিল/২০২৪ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ**

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১ | এপ্রিল/২০২৪ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ | ৩০/০৫/২০২৪ তারিখ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১৪.০০ ঘটিকায় অনুষ্ঠিত এপ্রিল/২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ইনথিতে সংশ্লিষ্ট সকলের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে।<br>উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় দৃঢ়ীকরণ করা যেতে পারে। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো। |

**২) এপ্রিল/২০২৪ মাসের সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি**

| ক্র. | বিষয় | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | **বাস্তবায়ন অগ্রগতি** | **মন্তব্য** |
|---|---|---|---|---|
| ১ | টেলিযোগাযোগ অধিদপ্তরের জমি সংক্রান্ত | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের পত্র নং ১৪.০০.০০০০.০০৯.১৮.০০১.১৮.১৪৮৪ তারিখ ১৫ এপ্রিল ২০২৪ খ্রিঃ তারিখের মাধ্যমে টেলিযোগাযোগ অধিদপ্তরের অনুকুলে জমি বরাদ্দের জন্য প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়।টেলিযোগাযোগ অধিদপ্তেরের এ সংক্রান্ত পরবর্তী করণীয় নির্ধারণে আলোচনা। | ইতমধ্যে আনসার নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। বিটিসিএল এর সাথে সভা সম্পন্ন হয়েছে। | সভার কার্যবিবরনী সংশ্লিষ্ট সকলকে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয় |
| ২ | প্রকল্প সংক্রান্ত | সভায় চলমান সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স ফেইজ-২ প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে, ইতোপূর্বে গঠিত কমিটির কর্মপরিধি অনুযায়ী অনতিবিলম্বে প্রকল্পটির হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন হবে। এছাড়া পেমেন্ট-এর অবশিষ্ট ৩০% অর্থ ডলারে পরিশোধ, এবং বৈদেশিক প্রশিক্ষণের বিষয়ে অতিসত্ত্বর কার্যকর ব্যবস্থা গ্রহন করা হবে।<br>NAATRT প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন খসড়া প্রতিবেদন দাখিল করা হয়েছে। | প্রকল্প পরিচালক, সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স ফেইজ-২ , প্রকল্পের সম্পূর্ণ টাকা পরিশোধ করা হয়েছে। বৈদিশিক প্রশিক্ষন বিষয়ে অর্থ বিভাগের ইতিবাচক সম্মতি পাওয়া যায় নি।<br>NAATRT প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনের খসড়া মূল্যায়ন চলছে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | মামলা সংক্রান্ত প্রতিবেদন | উপপরিচালক(ফ্রিকোয়েন্সি মনিটরিং) টেলিযোগাযোগ অধিদপ্তরের চলমান মামলাসমূহের একটি প্রতিবেদন উপস্থাপন করেন। মহাপরিচালক মহোদয় মামলা সমূহ তদারকির মাধ্যমে দ্রুত নিষ্পত্তির তাগিদ প্রদান করেন। | ইতিমধ্যে ই নথি হতে ডি নথিতে মাইগ্রেশন সমাপ্ত হয়েছে, প্রতি মাসে ই-নথি সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন করা হচ্ছে। | নতুন একটি রিট পিটিশন দায়ের হয়েছে। রিট পিটিশন নং ২৯৩৯/২০২৪ ।তথ্যের জন্য বিটিসিএল এ প্রেরণ করা হয়েছে |

**৩) মে/২০২৪ মাসের আলোচ্যসূচির উপর আলোচনা ও সিদ্ধান্ত**

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | টেলিযোগাযোগ অধিদপ্তরে নতুন পদোন্নতি প্রাপ্ত কর্মচারিদের যোগদান | টেলিযোগাযোগ অধিদপ্তরে সম্প্রতি বিভিন্ন গ্রেডে প্রায় ৫০০ কর্মচারী যোগদান করেছেন। যোগদানের প্রেক্ষিতে আলোচনা | সভায় উপপরিচালক(প্রশাসন) জানান যে, টেলিযোগাযোগ অধিদপ্তরে সম্প্রতি বিভিন্ন গ্রেডে প্রায় ৫০০ কর্মচারী যোগদান করেছেন।পরিচালক (প্রশাসন) মহোদয় জানান কর্মচারীদের বিলোপযোগ্য পদে পদায়ন করা হয়েছে।তাদের মধ্যে কিছু কিছু কর্মচারীদের সংযুক্ত করা হয়েছে। সংযুক্তি প্রদানের বিষয়ে মতভেদ পরিলক্ষিত হয়। মহাপরিচালক মহোদয় বিভাগের পরবর্তী সমন্বয় সভায় বিষয়টি উথ্থাপনের আহ্বান জানান্ | পরিচালক (প্রশাসন) |
| ২ | প্রকল্প সংক্রান্ত | টেলিযোগাযোগ অধিদপ্তরের চলমান প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর আলোচনা | প্রকল্প পরিচালক, সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স ফেইজ-২ , প্রকল্পের সম্পূর্ণ টাকা পরিশোধ করা হয়েছে। বৈদিশিক প্রশিক্ষন বিষয়ে অর্থ বিভাগের ইতিবাচক সম্মতি পাওয়া যায় নি। NAATRT প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনের খসড়া মূল্যায়ন চলছে।<br><br>মহাপরিচালক মহোদয় প্রকল্পের কাজ নির্ধারিত মান ও সময়ে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | প্রকল্প পরিচালকগণ |
| ৩ | মামলা সংক্রান্ত | টেলিযোগাযোগ অধিদপ্তরের বিভাগীয়/উচ্চ আদালতে চলমান মামলার বিষয়ে আলোচনা | উপপরিচালক(ফ্রিকোয়েন্সি মনিটরিং) টেলিযোগাযোগ অধিদপ্তরের চলমান মামলাসমূহের একটি প্রতিবেদন উপস্থাপন করেন। মহাপরিচালক মহোদয় মামলা সমূহ তদারকির মাধ্যমে দ্রুত নিষ্পত্তির তাগিদ প্রদান করেন। | উপপরিচালক (ফ্রিকোয়েন্সি মনিটরিং) |
| ৪ | ডি-নথি সংক্রান্ত প্রতিবেদন | টেলিযোগাযোগ অধিদপ্তরের ই-নথি বিষয়ক প্রতিবেদন। | টেলিযোগাযোগ অধিদপ্তরের মে/২০২৪ এর ই নথি সংক্রান্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। উপপরিচালক (আইসিটি বাস্তবায়ন) সভাকে অবহিত করেন যে, মে/২০২৪ মাসে অধিদপ্তরে ডি-নথির মাধ্যমে মোট নিষ্পন্ন ৪১৫ টি। অন্যদিকে হার্ডনথিতে নিষ্পন্ন হয়েছে ৫১টি নোট। ফলে ই-নথি সিস্টেমে ডিওটির অর্জন ৯০.৩% ।মহাপরিচালক মহোদয় ডি-নথির মাধ্যমে নথি নিষ্পন্নের নির্দেশনা প্রদান করেন। | সকল কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | বিবিধ | নির্ধারিত এজেন্ডার বাইরে সুনির্দিষ্ট ও প্রাসজ্ঞিক বিষয়ে আলোচনা | সভায় উপপরিচালক(প্রশাসন) জানান জনপ্রশাসন মন্ত্রনালয় এর উদ্যোগে সকল মন্ত্রনালয়/অধিদপ্তর/প্রতিষ্ঠানের অর্গানোগ্রাম হালনাগাদ /ডিজিটালাইজ্ড করার উদ্যোগ গ্রহন করা হচ্ছে ।টেলিযোগাযোগ অধিদপ্তর হতে উপপরিচালক (নিয়োগ) এবং উপপরিচালক (প্রশাসন) প্রশিক্ষনে অংশগ্রহন করেন।উপরিচালক (প্রশাসন) GEMS ,Software এর বিভিন্ন দিক উপস্থাপনা করেন। উপপরিচালক (অর্থ) জানান যে , ২০২৩-২৪ অর্থবৎসরে বিল দাখিলের সর্বশেষ সময় ২০ জুন ২০২৪। মহাপরিচালক মহোদয় নির্ধারিত সময়ের মধ্যে বিল দাখিলের নির্দেশনা প্রদান করেন। | উপপরিচালক(প্রশাসন) উপপরিচালক(নিয়োগ) উপপরিচালক(অর্থ) |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্ত: মে ২০২৪ মাসের সমন্বয় সভার হাজিরা বিবরনী,




৩০-০৫-২০২৪
মোঃ সাহাব উদ্দিন
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
+৮৮০-২-৯৮৩০৯১১ (ফোন)
+৮৮০-২-৯৮৩০৯৮০ (ফ্যাক্স)
dg@telecomdept.gov.bd

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
৩০ মে ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.২৮৪

## বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর,ঢাকা।;
২। পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর,ঢাকা।;
৩। উপপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর,ঢাকা।;
৪। সিনিয়র সহকারি পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর,ঢাকা। এবং
৫। সহকারি পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর,ঢাকা।।



০২-০৬-২০২৪
মোঃ আখলাকুল আউয়াল ভুঁইয়া
উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

## সকল সংযুক্তিসমূহ:

(১) মে ২০২৪ মাসের সমন্বয় সভার হাজিরা বিবরনী